আজকের কাগজ

তারিখ 0 6 DEC 1995
পৃষ্ঠা 7 কলাম 2

# মার্চে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী মার্চ মাস নাগাদ। বিশ্ববিদ্যালয়ের একজন ডীন একথা জানান।

গত ২০ নভেম্বর বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের এক সভার মাধ্যমে সিদ্ধান্ত নেয়া হয় এবারও বরাবরের মতো ২০০ নম্বরের ভিত্তিতে মেধাক্রম তৈরি হবে। তবে ভর্তি পরীক্ষার পদ্ধতি সম্পর্কে সিদ্ধান্ত নেয়া হয়নি। সভার মাধ্যমে সে দায়িত্ব দেয়া হয়েছিলো বিশ্ববিদ্যালয়ের জেনারেল এডমিশন কমিটিকে। সকল ডীন, প্রাধ্যক্ষ, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালকদের নিয়ে গঠিত জেনারেল এডমিশন কমিটির কোনো সভা এখনো অনুষ্ঠিত হয়নি। তবে তাদের অধিকাংশই "মালটিপল চয়েস কোনের" পক্ষে মত প্রকাশ করেছেন বলে বিশ্বস্ত সূত্রে জানা যায়।

বিশ্ববিদ্যালয়ের একজন ডীন আগামী ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ সম্পর্কে বলেন, ফেব্রুয়ারিতে ভর্তি পরীক্ষার প্রক্রিয়া শুরু হয়ে যাবে এবং মার্চে পরীক্ষা অনুষ্ঠিত হবার সম্ভাবনা রয়েছে।